AKASHVANI(AIR)

RNU: KOLKATA

Bengali TextBulletin

30-03-2026 **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর -

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৫২ টি আসনে ভোটগ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। একইসঙ্গে শুরু হয়েছে মনোনয়নপত্র জমা দেওয়ার প্রক্রিয়া।

উল্লেখযোগ্যদের মধ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ তাঁর মনোনয়নন পত্র পেশ করেছেন।

২) বিধানসভা ভোটের আগে নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরেও একাধিক রদবদল করেছে।

৩) ভোটের সঙ্গে যুক্ত প্রত্যেক সরকারি ও বেসরকারি কর্মী বিনামূল্যে চিকিৎসার সুবিধা পাবেন।

৪) ওড়িশার তালসারিতে সমুদ্রের জলে ডুবে মৃত জনপ্রিয় অভিনেতা রাহুল অরুণোদয় ব্যানার্জীর শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

৫) অনুকূল বায়ুপ্রবাহের কারণে আজ ও আগামীকাল দক্ষিণবঙ্গে বিক্ষিপ্ত ঝড় বৃষ্টির সম্ভাবনা।

৬) বাংলা, খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমসের ফুটবলের সেমিফাইনালে উঠেছে।

বিধানসভা নির্বাচনের আগে পুলিশ প্রশাসনে সর্বস্তরে ব্যাপক রদবদলের পর নির্বাচন কমিশন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরেও একদফা রদবদল করেছে। সুব্রত পালকে উপ মুখ্য নির্বাচনী আধিকারিক পদ থেকে সরিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরে সিনিয়র ডেপুটি সেক্রেটারি পদে পাঠানো হয়েছে। একই সঙ্গে সিইও দফতরের আরও তিন শীর্ষ আধিকারিককে বদলি করা হয়েছে। নরেন্দ্রনাথ দত্তকে শ্রম দফতরের অতিরিক্ত সচিবের দায়িত্ব দেওয়া হয়েছে।

অন্যদিকে, সুপ্রিয় দাসকে খাদ্য প্রক্রিয়াকরণ এবং উদ্ধানপালন দফতরের অতিরিক্ত সচিব করে পাঠানো হয়েছে। তাঁরা দুজনেই সিইও দপ্তরের অতিরিক্ত সচিব পদে ছিলেন। যুগ্ম সচিব মিঠু সরকারকে সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দফতরে স্থানান্তর করা হয়েছে।

এদিকে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব রাহুল নাথকে যুগ্ম সিইও করা হয়েছে।

উল্লেখ্য, আজই বিজ্ঞপ্তি জারি করে এই রদবদলের কথা জানানো হয়েছে।

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে ISF তৃতীয় পর্যায়ে আজ তিনটি বিধানসভা কেন্দ্রে প্রার্থীর নাম ঘোষণা করেছে। মালদার মোথাবাড়ি, মুর্শিদাবাদের সামসেরগঞ্জ এবং পূর্ব বর্ধমানের কেতুগ্রাম কেন্দ্রে প্রার্থীর নামের তালিকা প্রকাশ করা হয়েছে। এ পর্যন্ত মোটা ৩১ টি আসনে প্রার্থী দিল তারা।

Jan Sangh Party আজ আসন্ন বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৬ টি আসনে প্রার্থী তালিকা ঘোষণা করেছে। ২০ থেকে ২৫ টি আসনে তারা প্রার্থী দেবে বলে জানিয়েছেন দলের যুব মোর্চার সাধারণ সম্পাদক রবি সিং।

বিধানসভা নির্বাচনের সঙ্গে যুক্ত প্রত্যেক সরকারি ও বেসরকারি কর্মীকে বিনামূল্যে চিকিৎসার সুবিধা দেবে রাজ্য সরকার। স্বরাষ্ট্র দপ্তর থেকে এই মর্মে একটি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, কর্তব্যরত অবস্থায় অসুস্থ বা দুর্ঘটনার কবলে পড়লে, তারা ওই সুবিধা পাবেন। বেসরকারি হাসপাতালেও তাঁরা চিকিৎসা করাতে পারবেন। নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট নিরাপত্তা কর্মী অর্থাৎ রাজ্য পুলিশ, সশস্ত্র পুলিশ, হোমগার্ডরা এর

আওতায় পড়বেন। কেন্দ্রীয় বাহিনী ও ভিন রাজ্য থেকে আসা পুলিশকর্মীদেরও ওই সুবিধা দেওয়া হবে।

রাজ্যে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সাধারণ মানুষের জন্য প্রকৃত অর্থে কোনো কাজ করেননি বলে বিজেপি দাবি করেছে। পূর্ব মেদিনীপুরের হলদিয়ায় আজ এক জনসভায় বিজেপি নেতা, কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেন, বাংলাদেশি অনুপ্রবেশকারীরা রাজ্যকে অস্থির করে তুলতে চাইছে। কিন্তু তাদের সেই প্রচেষ্টা সফল হবে না।

বাইট ধর্মেন্দ্র

জনসভায় উপস্থিত ছিলেন উত্তরপ্রদেশের মন্ত্রী জে পি এস রাঠোর।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পূর্ব মেদিনীপুরের পাশকুড়া এবং পশ্চিম মেদিনীপুরের বেলদা ও ডেবরাতে তিনটি নির্বাচনী জনসভায় যোগ দেন। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে রাজ্যকে বঞ্চনার অভিযোগ তুলে তিনি বলেন, ঘাটাল মাস্টার প্ল্যানের জন্য বারংবার অনুরোধ সত্ত্বেও কোনো সহযোগিতা মেলেনি। বিজেপি বাংলা বিরোধী বলে মন্তব্য করেন তিনি।

বাইট মমতা

এদিকে, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী ভোটার তালিকায় সব বৈধ ভোটারদের নাম যাতে থাকে, তা সুনিশ্চিত করার দাবি জানিয়েছেন।

বাইট অধীর

উত্তর ২৪ পরগণার বাদুড়িয়ার বিদায়ী তৃণমূল কংগ্রেস বিধায়ক কাজী আব্দুর রহিম আজ কংগ্রেসে যোগ দিয়েছে। গতকালই দল ছাড়ার কথা ঘোষণা করেন তিনি। দিল্লিতে আজ কংগ্রেসের দলীয় কার্যালয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার এবং দলের পর্যবেক্ষক গোলাম আহমেদ মীরের উপস্থিতিতে দলীয় পতাকা হাতে তুলে নেন আব্দুর রহিম।

উল্লেখ্য, আসন্ন নির্বাচনে তৃণমূল কংগ্রেস তাঁকে প্রার্থী না করায় দলের সঙ্গে তাঁর দূরত্ব তৈরি হয়েছিল বলে জানা গেছে।

কংগ্রেসের প্রার্থী তালিকা ঘোষণার পর থেকে দলের অন্দরে অসন্তোষ ও বিক্ষোভ অব্যাহত।

প্রার্থী বদলের দাবিতে আজ দুপুরে বর্ধমান শহরের বড়বাজারে দলীয় কার্যালয়ে ভাঙচুর চালান স্থানীয় নেতা কর্মীরা। তাদের অভিযোগ, পূর্ব বর্ধমানে টাকার বিনিময়ে

একদল নেতা তাদের পছন্দের ব্যক্তিকে প্রার্থী হিসাবে নির্বাচন করেছেন। মন্তেশ্বরে কংগ্রেস প্রার্থী জ্যোতির্ময় মন্ডলের স্ত্রী তৃণমূল কংগ্রেস কর্মী। বিভিন্ন সময়ে তাকে শাসকদলের হয়ে প্রচার করতেও দেখা গেছে বলে তাদের দাবি।

এদিকে, প্রার্থী পছন্দ না হওয়ায় পশ্চিম মেদিনীপুরের জেলা কংগ্রেস কার্যালয়ে চেয়ার টেবিল ভাঙচুর করে কর্মীরা আগুন লাগিয়ে দেয় বলে অভিযোগ।

রাজ্যে অবাধ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করতে বিজেপি, নির্বাচন কমিশনের কাছে আবেদন জানিয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী পীযূশ গোয়েল, কিরেন রিজিজু এবং সুকান্ত মজুমদারের নেতৃত্বে আজ এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল নতুন দিল্লীতে নির্বাচন সদনে গিয়ে কমিশনের কর্তাদের সঙ্গে সাক্ষাৎ করে। পরে সাংবাদিকদের সুকান্ত মজুমদার বলেন, আসন্ন নির্বাচনে হেরে যাওয়ার ভয় থেকেই তৃণমূল কংগ্রেস নেত্রী নানাভাবে সাধারণ মানুষ এবং সরকারি আধিকারিকদের হুমকি দিচ্ছেন। মুখ্যমন্ত্রীর প্রচারের কাজ বন্ধ করা সহ মোট ৬ দফা দাবি কমিশনের কাছে তারা তুলে ধরেছেন। নির্বাচন কমিশন ভোটগ্রহণ পর্ব শান্তিপূর্ণ রাখতে সবরকম ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছে বলে সুকান্ত বাবু জানান।

রাজ্যের ভোটার তালিকায় ভুয়ো ভোটার ঢোকানোর চেষ্টা হচ্ছে বলে অভিযোগ করেছেন তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। আজ সন্ধ্যায় কলকাতায় মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে যান অভিষেক। সঙ্গে ছিলেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভটাচার্য্য সহ বহু কর্মী সমর্থক। CEO দফতরের সামনে জমায়েত করে বিক্ষোভ দেখান তাঁরা।

ওড়িশার তালসারিতে ধারাবাহিকের শ্যুটিং করতে গিয়ে সমুদ্রের জলে ডুবে মৃত জনপ্রিয় অভিনেতা রাহুল অরুণোদয় ব্যানার্জীর শেষকৃত্য সম্পন্ন হয়েছে। কেওড়াতলা মহাশ্মশানে শেষকৃত্যানুষ্ঠানে উপস্থিত ছিলেন অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, অঙ্কুশ হাজরা, চুর্ণি গাঙ্গুলী, পরিচালক কৌশিক গাঙ্গুলী সহ চলচ্চিত্র জগতের বিশিষ্ট ব্যক্তিরা।

তমলুক হাসপাতালে ময়নাতদন্তের পর আজ বিকেলেই রাহুলের মরদেহ কলকাতার বিজয়গড়ে তাঁর বাড়িতে আনা আসা হয়।

ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টে জানা গেছে, ফুসফুসের ভেতরে অস্বাভাবিক পরিমাণে বালি ও নোনাজল ঢুকে তাঁর মৃত্যু হয়েছে। খাদ্যনালী, শ্বাসনালী এবং পাকস্থলী থেকেও পাওয়া গেছে বালি। এক ঘন্টারও বেশি সময়ে তিনি জলের নীচে ছিলেন বলে খবর।

উল্লেখ্য, গতকাল বিকেলে শ্যুটিং গিয়ে সমুদ্রে তলিয়ে যান তিনি। গতকাল তাঁকে উদ্ধার করে দীঘার হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। মাত্র ৪২ বছর বয়সে রাহুলের এই আকস্মিক প্রয়াণে চলচ্চিত্র মহলে শোকের ছায়া নেমে এসেছে।

উপকূলীয় পর্যবেক্ষণ ও সম্প্রসারণ কেন্দ্র এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে, “দুর্যোগ ব্যবস্থাপনায় হ্যাম রেডিও" শীর্ষক এক আলোচনা সভা আজ অনুষ্ঠিত হয়। ঘূর্ণিঝড়, ভূমিকম্প, বন্যা বা ভূমিধ্বসের মতো প্রাকৃতিক দুর্যোগে বিদ্যুৎ সংযোগ, মোবাইল নেটওয়ার্ক ও ইন্টারনেট পরিষেবা বিঘ্নিত হলে প্রাণহানি আটকাতে ও দ্রুত ত্রাণ পৌঁছে দিতে বিকল্প যোগাযোগ ব্যবস্থা হিসেবে হ্যাম রেডিওর উপকারিতার কথা তুলে ধরা হয় এই আলোচনায়। অংশ নেন শিক্ষার্থী, গবেষকরা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সম্পাদক অম্বরিশনাগ বিশ্বাস, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দীপক কুমার কর প্রমূখ।

অনুকূল বায়ু প্রবাহ এবং বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশের কারণে আজ বিক্ষিপ্তভাবে দক্ষিণবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া, হুগলি, উত্তর ২৪ পরগনা এবং পশ্চিম

মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল হাওড়া, হুগলি, নদীয়া, পূর্ব বর্ধমান এবং বাঁকুড়া জেলায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির কমলা সর্তকতা জারি করা হয়েছে। কোথাও কোথাও শিলা বৃষ্টিও হতে পারে।

এদিকে উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি এবং কালিম্পং জেলায় বাড়ি বৃষ্টির সতর্কতা রয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৬ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ১ দশমিক ৭ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক দুই ডিগ্রি কম।

বাংলা, খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমসের ফুটবলের সেমিফাইনালে উঠেছে। আজ ছত্তিশগড়ের রায়পুরের কোটায় স্বামী বিবেকানন্দ স্টেডিয়ামে বাংলা গ্রুপ লিগের শেষ ম্যাচে তামিলনাড়ুকে ৯ -০ গোলে পরাজিত করে। প্রথমার্ধেই বাংলা ৬-০ গোলে এগিয়ে ছিল। বাংলার হয়ে রাহুল মুর্মু হ্যাটট্রিক করেছে। বিজয় মুর্মু, করণ চাঁদ মুর্মু, আকাশ ওরাও,সঞ্জয় ওরাও,দিলীপ ওরাও ও সজল মুন্ডা একটি করে গোল করেছে। সেমি ফাইনালে বাংলা খেলবে আগামী বুধবার। তবে প্রতিদ্বন্দ্বী এখনও স্থির হয়নি।

--- ---